



# বাংলাদেশ পাটকল কর্পোরেশন

## স্টাফবাস/গাড়ি ভাড়ার বিজ্ঞপ্তি

বাংলাদেশ পাটকল কর্পোরেশন এর কর্মকর্তা/কর্মচারীদের অফিসে আনা-নেয়া করার জন্য নিম্নবর্ণিত ১ ও ৪ নং রুটের জন্য ৩০/৩৫ সিটের, ৩ নং রুটের জন্য ৪০ সিটের ও ৫ নং রুটের জন্য ২৫/৩০ সিটের স্টাফবাস/কোষ্টার/মিনিবাস মাসিক ভিত্তিতে ২ বছরের জন্য (সরকারি ও সাপ্তাহিক ছুটির দিন ব্যতীত) গাড়ি ভাড়া করণের লক্ষ্যে প্রকৃত যানবাহন মালিক (ঠিকাদার) এর নিকট হতে সীলমোহরকৃত দরপত্র আহ্বান করা যাচ্ছে।

১। রুট ১, ৩, ৪ ও ৫ এর বিবরণ নিম্নরূপ :

- (ক) রুট নং-১ : বিজেএমসি প্রধান কার্যালয়, আদমজী কোর্ট, মতিঝিল, ঢাকা হতে ফার্মগেট, কাজিপাড়া, শেওড়াপাড়া হয়ে মিরপুর-১২ পর্যন্ত।  
(খ) রুট নং- ৩ : বিজেএমসি প্রধান কার্যালয়, আদমজী কোর্ট, মতিঝিল, ঢাকা হতে এ্যালিফান্ট রোড, মোহাম্মদপুর, শ্যামলী হয়ে মিরপুর-১ (সনি সিনেমা হল) পর্যন্ত।  
(গ) রুট নং - ৪ : বিজেএমসি প্রধান কার্যালয়, আদমজী কোর্ট, মতিঝিল, ঢাকা হতে মালিবাগ রেলগেট, রামপুরা, বাড্ডা, লিংক রোড হয়ে বনানী কমপ্লেক্স পর্যন্ত।  
(ঘ) রুট নং- ৫ : বিজেএমসি প্রধান কার্যালয়, আদমজী কোর্ট, মতিঝিল, ঢাকা হতে মুগদাপাড়া বিশ্বরোড, বাশার টাওয়ার, মদিনাবাগ রোড, বাসাবো ওয়াসা মোড়, টেম্পু স্ট্যান্ড, খেলার মাঠ, খিলগাঁও রেলগেট হয়ে খিলগাঁও চৌরাস্তা পর্যন্ত।

২। রুট ভাড়া সম্পর্কিত ও অন্যান্য শর্তাবলীর বিস্তারিত বিবরণ সিডিউলে পাওয়া যাবে। প্রতিটি রুটের সিডিউল ক্রয়বাবদ ৪০০/ (চারশত) টাকা মাত্র নগদ মূল্যে (অফেরতযোগ্য) আগামী ১৮/০২/২০১৮ তারিখ পর্যন্ত এ সংস্থার হিসাব বিভাগের ক্যাশ শাখা হতে সংগ্রহ করা যাবে। দরপত্রের সাথে প্রতিটি রুটের প্রতিটি গাড়ি জন্য ১০,০০০/- (দশ হাজার) টাকা আর্নেস্ট মানি হিসেবে যে কোন সিডিউল ব্যাংক হতে "বাংলাদেশ পাটকল কর্পোরেশন" এর নামে পে-অর্ডার/ডিম্যান্ড ড্রাফট আকারে জমা দিতে হবে (ফেরতযোগ্য)।

৩। বাস/মিনিবাস/কোষ্টার সমূহের বৈধ হালনাগাদ ট্রেড লাইসেন্স, ভ্যাট ও রেজিস্ট্রেশন সার্টিফিকেট, বৈধ ইনকাম ট্যাক্স, ক্রেটিমুক্তসহ গাড়ির ব্লু-বুক হালনাগাদ থাকতে হবে।

৪। দরপত্র আগামী ২০/০২/২০১৮ তারিখ বেলা ১২.৩০ ঘটিকা পর্যন্ত সাধারণ সেবা ও পরিবহন শাখা (৬ষ্ঠ তলা), বিজেএমসি, আদমজী কোর্ট, এনেক্স-১, ১১৫-১২০, মতিঝিল বা/এ, ঢাকা কর্তৃক গ্রহণ করা হবে এবং ঐ দিনই দরপত্রসমূহ বেলা ২.৩০ ঘটিকার সময় উপস্থিত দরদাতাগণের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।

৫। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

বিজ্ঞাপনটি বিজেএমসির ওয়েবসাইট [www.bjmc.gov.bd](http://www.bjmc.gov.bd) তে দেখা যাবে।

বিজেএমসি : ১২, তাং- ০৫/০২/১৮

০৫/০২/২০১৮